



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী রোড, এভিনিউ, ব্লক-কে  
বারিধারা, ঢাকা-১২১২।

স্মারক নং-০১/লিগ্যাল এন্ড মিডিয়া/এটিইউ

তারিখঃ ৯ মে ২০১৯ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৯ মে ২০১৯ ইং তারিখ বাংলাদেশ পুলিশের এন্টি টেররিজম ইউনিটের একটি বিশেষ দল ঢাকা জেলার দক্ষিণ কেরাণীগঞ্জের শুভাদ্যা এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিবুত তাহরীর বাংলাদেশ এর সক্রিয় সদস্য এবং আইটি বিশেষজ্ঞ রিয়াজ উদ্দীন সিপাইকে গ্রেফতার করে। এন্টি টেররিজম ইউনিট নিজস্ব গোয়েন্দা নজরদারী এবং তথ্য প্রযুক্তি ব্যবহার করে উক্ত অপরাধীকে সনাক্ত করতে সক্ষম হয়। বিগত তিন বছর ধরে সে জগন্নাথ বিশ্ববিদ্যালয়, দক্ষিণ কেরাণীগঞ্জ, শ্যামপুর, দনিয়া ও গেভারিয়া এলাকায় হিবুত তাহরীর এর সমন্বয়ক হিসেবে কার্যক্রম চালিয়ে যাচ্ছিল। বর্তমান সরকারকে অপসারণ করে বাংলাদেশে খিলাফাতে রাশেদীন প্রতিষ্ঠা করার আন্দোলনে মাঠ পর্যায়ে সংগঠকের ভূমিকা পালন করার পাশাপাশি রিয়াজ অনলাইনভিত্তিক হিবুত তাহরীরের প্রচারণা, সদস্য সংগ্রহ ও নানাবিধ কার্যক্রম পরিচালনা করে আসছিল। গ্রেফতারকালে তার নিকট থেকে বিপুল পরিমাণে সরকার বিরোধী লিফলেট, পোস্টার, ০২টি চাকু, ০১টি ল্যাপটপ, ০২টি মোবাইল ফোন, প্রচুর সংখ্যক উগ্রপন্থি বই এবং পুস্তিকা উদ্ধার করে জব্দ করা হয়েছে। দেশে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টির অপচেষ্টা ও খেলাফত প্রতিষ্ঠার জন্য সরকার বিরোধী ষড়যন্ত্র করায় রিয়াজ উদ্দিন সিপাই'র বিরুদ্ধে দক্ষিণ কেরাণীগঞ্জ থানায় মামলা নং-১৬ তাং ০৯/০৫/২০১৯ ইং, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর সংশ্লিষ্ট ধারায় দায়ের করা হয়েছে।

(মোঃ মাহিদুজ্জামান)

পুলিশ সুপার (লিগ্যাল এন্ড মিডিয়া)  
এন্টি টেররিজম ইউনিট,  
বাংলাদেশ পুলিশ, ঢাকা।